

আল্ ভৌদড় ।

আমি, “আল্-ভৌদড়ের সাথে যে খেলিব মরণ-খেলা,
প্রভাত বেলা ।

আমি, সুগভীর নিঃশ্বনে, কঠিন আলিঙ্গনে,
কণ্ঠ পাকড়ি ধরিব আঁকড়ি দুইজনা দুইজনে,
দংশন-ক্ষত শ্যণ-বিহঙ্গ, যুঝি ভুজঙ্গ সনে” ।

আমি ক্ষত-বিক্ষত শান্তি-কপোত, হয়েছি সর্বনাশা,
কারণ, আমার স্নিগ্ধ নীড়ে বিষধর নাগিনী বেঁধেছে বাসা ।

আমি আকাশ ফাটানো প্রলয়ংকর বিস্ফোরণের সাথে,
সেই নাগিনীর মাথায় পড়ব করাল বজ্রপাতে ।

আমি, রক্ত-দু’চোখে তীব্র তাকাব তার বিষাক্ত চোখে,
কোরাণ-রসুল পায়ে যে দলেছে তিরিশ লক্ষ শোকে ।
সেই কালনাগ নগ্ন জড়াব শত সহস্র হাতে,

আমি ক্রুর দানবের মুখোস খুলব উদ্ধত পদাঘাতে ।

ফুল-পাখী-চাঁদ, প্রেমের কবিতা নিয়ে পড়ে থাক তোরা,
আল্লা-রসুল কঠিন কজা করেছে ধর্মচোরা ।

কোরাণের নামে লক্ষ লক্ষ মানুষ হয়েছে বলি,

তোরা বেওকুফ! ঘুরিস রঙ্গীন আবেগের কানাগলি!

আসিস নাই বা আসিস, তোরা নাই বা থাকিস সাথে,
আমি একাই সরাব জঞ্জাল, উন্মত্ত এই দু’হাতে ।

৯ই মে, ৩২ মুক্তিসন (২০০৩)

ই-মেইলঃ-fatemolla@hotmail.com